

এসেছে পল্লীর শুভদিন
বিআরডিবি দিচ্ছে
এসএমই ঋণ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”
৫, কাওরান বাজার, ঢাকা।
www.brdb.gov.bd



স্মারক নং : ৪৭.৬২.০০০০.৫১৪.০২.২৪৪.২১.৭১২০

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বিআরডিবি কর্তৃক প্রণীত ‘কোভিড-১৯ প্রণোদনা: পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল পরিচালন নীতিমালা’র অনুচ্ছেদ নং ৮(৩) এর বিষয়ে স্পষ্টীকরণ

সূত্র : ৪৭.৬২.০০০০.৫১৪.০২.২৪৪.২১.৫৮৩৮ তারিখ: ২৪-০৬-২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকের মাধ্যমে নভেল করোনা ভাইরাস (Covid-19) পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত প্রণোদনাস্বরূপ প্রদত্ত বরাদ্দের অর্থ হতে ঋণ প্রদানের নিমিত্ত বিআরডিবি কর্তৃক ‘কোভিড-১৯ প্রণোদনা: পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল পরিচালন নীতিমালা’ জারী করা হয়েছে। উক্ত নীতিমালার অনুচ্ছেদ নং-২০ এর আলোকে অনুচ্ছেদ নং ৮(৩) এর ক্ষেত্রে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ দেওয়া হলো :

“মর্টগেজ কারবারনামা (প্রযোজ্য ক্ষেত্রে): ‘কোভিড-১৯ প্রণোদনা: পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল পরিচালন নীতিমালা’ অনুযায়ী গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল করার জন্য মাঠ পর্যায়ে পল্লী উদ্যোক্তা ঋণ বিতরণের ক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মর্টগেজ কারবারনামা রাখার প্রয়োজন হবে না। তবে, ৫.০০ লক্ষ টাকার তদুর্ধ্ব ঋণ বিতরণের ক্ষেত্রে মর্টগেজ কারবারনামা (তফশিলি ব্যাংকের ন্যায়) প্রয়োজন হবে। এছাড়া ঋণ বিতরণের ক্ষেত্রে অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে।”

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে উপরোল্লিখিত স্পষ্টীকরণ জারী করা হলো।


মো: আবদুল কাদের

ফুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প)
বিআরডিবি, ঢাকা
ফোন : ৮১৮০০১২

বিতরণ : কার্যার্থে

- ১। নির্বাহী পরিচালক, পিইপি, ফরিদপুর
- ২। উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর (সকল)
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)..... উপজেলা.....জেলা

বিতরণ : জ্ঞাতার্থে

- ১। পরিচালক (সরেজমিন/প্রশাসন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ/বিআরডিটিআই), বিআরডিবি, ঢাকা/সিলেট।
- ২। ফুগ্মপরিচালক (সিসিএম/মউ) বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক-এর একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপপরিচালক (বাজেট/হিসাব/সম্প্রসারণ/বিশেষ প্রকল্প/ঋণ/সমবায়)বিআরডিবি, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি